

## অনলাইন নিবন্ধন

বৈশ্বিক উন্নয়ন এজেন্ডা ২০৩০ অর্জন প্রক্রিয়ার সাথে যুব সমাজের তারুণ্য ও মেধার সমন্বয় ঘটানোর প্রয়াসে আগামী ১৪ অক্টোবর ২০১৮, রবিবার আয়োজন করা হচ্ছে “যুব সম্মেলন ২০১৮: বাংলাদেশ ও এজেন্ডা ২০৩০ – তারুণ্যের প্রত্যাশা”।

সম্মেলনের মূল উদ্দেশ্য হচ্ছে: (ক) গ্রাম ও শহর উভয় এলাকায় বসবাসরত যুবকদের মাঝে এসডিজি'র বিভিন্ন লক্ষ্য ও উদ্দেশ্যের প্রাসঙ্গিকতা সম্পর্কে সচেতনতা সৃষ্টি ও জ্ঞান বৃদ্ধি; (খ) জাতীয় উন্নয়ন সম্পর্কে যুব সমাজের আকাংখা ও প্রত্যাশা তুলে ধরার জন্য অন্য একটি আলোচনার ক্ষেত্রে তৈরি করা; এবং, (গ) জাতীয় এবং স্থানীয় পর্যায়ে নীতিবিষয়ক বিতর্ক ও আলোচনায় যুব এজেন্ডাকে কার্যকরভাবে দৃঢ় করা।

এই সম্মেলনে অংশগ্রহণ করবেন- দেশের সকল পরিসর থেকে আসা ১৮-৩৫ বছর বয়সসীমার বাংলাদেশী যুব প্রতিনিধি, প্ল্যাটফর্মের সহযোগী প্রতিষ্ঠানের প্রতিনিধি, অন্যান্য বেসরকারি প্রতিষ্ঠানের প্রতিনিধি, এসডিজি'র দায়িত্বে নিয়োজিত ও অন্যান্য সরকারি কর্মকর্তা, বিশিষ্ট ব্যক্তিবর্গ, সাংবাদিক ও স্বেচ্ছাসেবক।

এ সম্মেলনে অংশগ্রহণের জন্য সকলধরনের প্রতিনিধিকে সম্মেলনের আগেই অনলাইন নিবন্ধন করতে হবে।

নিবন্ধন ও বিস্তারিত: <http://youthconf18.bdplatform4sdgs.net/registration/>

**যুব সম্মেলন ২০১৮: বাংলাদেশ ও এজেন্ডা ২০৩০ – তারুণ্যের  
প্রত্যাশা**

## সম্মেলনে অংশগ্রহণের নীতিমালা

### ভূমিকা

বৈশ্বিক উন্নয়ন এজেন্ডা ২০৩০ অর্জন প্রক্রিয়ার সাথে যুব সমাজের তারুণ্য ও মেধার সমন্বয় ঘটানোর প্রয়াসে আগামী ১৪ অক্টোবর ২০১৮, রবিবার আয়োজন করা হচ্ছে “যুব সম্মেলন ২০১৮: বাংলাদেশ ও এজেন্ডা ২০৩০ – তারুণ্যের প্রত্যাশা”।

সম্মেলনের মূল উদ্দেশ্য হচ্ছে: (ক) গ্রাম ও শহর উভয় এলাকার যুবকদের মাঝে এসডিজি’র বিভিন্ন লক্ষ্য ও উদ্দেশ্যের সাথে তাদের সম্পৃক্ততা সম্পর্কে সচেতনতা সৃষ্টি ও জ্ঞান বৃদ্ধি; (খ) জাতীয় উন্নয়ন সম্পর্কে তাদের আকাংখা ও প্রত্যাশা তুলে ধরার জন্য একটি প্ল্যাটফর্ম তৈরি করা; এবং, (গ) জাতীয় এবং স্থানীয় পর্যায়ে নীতিনির্ধারণী বিতর্ক ও আলোচনার প্রেক্ষাপটে যুব এজেন্ডার বিশ্লেষণ।

দিনব্যাপী এই সম্মেলনে অংশগ্রহণ করবে দেশের সকল পরিসর থেকে আসা যুব প্রতিনিধিবৃন্দ এবং প্ল্যাটফর্মের সহযোগী প্রতিষ্ঠান, সরকারি ও বেসরকারি সংস্থা এবং উন্নয়ন সহযোগী ও অন্যান্য অংশীজনবৃন্দ।

### অংশগ্রহণের নীতিমালা

১. এই সম্মেলনে অংশগ্রহণ করবেন-

- ১৮-৩৫ বছর বয়সসীমার বাংলাদেশী যুব প্রতিনিধি
- প্ল্যাটফর্মের সহযোগী প্রতিষ্ঠানের প্রতিনিধি
- অন্যান্য বেসরকারি প্রতিষ্ঠানের প্রতিনিধি
- এসডিজি’র দায়িত্বে নিয়োজিত ও অন্যান্য সরকারি কর্মকর্তা
- বিশিষ্ট ব্যক্তিবর্গ
- সাংবাদিক
- স্বেচ্ছাসেবক

২. এই সম্মেলনে অংশগ্রহণের জন্য সকলধরনের প্রতিনিধিকে সম্মেলনের আগেই অনলাইন নিবন্ধন করতে হবে।

নিবন্ধনের পর শুধুমাত্র অনুমোদিত ও আমন্ত্রিত প্রতিনিধিগণই সম্মেলনে অংশগ্রহণ করতে পারবেন।

৩. আমন্ত্রিত বিশিষ্ট ব্যক্তিগণ সম্মেলনে প্রবেশের সময় নিবন্ধন সম্পন্ন করতে পারবেন।

৪. প্ল্যাটফর্মের সহযোগী প্রতিষ্ঠান থেকে সর্বোচ্চ ৮ জন অংশগ্রহণ করতে পারবে। এক্ষেত্রে ৩ জন সম্মেলনের বিভিন্ন পর্বের জন্য, ১ জন স্টল তদারকির জন্য (যদি স্টল দিয়ে থাকেন) এবং বাকি ৪ জন সংগঠনের সাথে সম্পৃক্ত যুব সদস্য/কর্মী/স্বল্পভোগী।

৫. ঢাকা ও ঢাকার বাইরে অবস্থিত প্ল্যাটফর্মের সহযোগী নয় এমন প্রতিষ্ঠান থেকে ৪ জন করে অংশগ্রহণ করতে পারবেন। সেক্ষেত্রে ১ জন প্রতিষ্ঠানের পেশাজীবী ও ৩ জন সংগঠনের সাথে সম্পৃক্ত যুব সদস্য/কর্মী/স্বল্পভোগী। নির্ধারিত সময়ের মধ্যে নিবন্ধন সম্পন্নকারীদের মধ্য থেকে অনুমোদনসাপেক্ষে প্রথম ৩০০ জনের এ সম্মেলনে অংশগ্রহণ করার সুযোগ থাকবে।

৬. শুধুমাত্র নিবন্ধিত প্রতিনিধিগণই সম্মেলনের বিভিন্ন পর্বে অংশগ্রহণ করতে পারবেন, তবে, স্টল পরিদর্শন সকলের জন্য উন্মুক্ত থাকবে।

৭. সন্মেলনে অংশগ্রহণের জন্য অংশগ্রহণকারীদের কাছ থেকে কোন প্রকার ফী নেওয়া হবেনা এবং তাদের কোন প্রকার ভাতা প্রদান করা হবেনা।

রেজিস্ট্রেশন করুন এখানে: <https://bit.ly/2orTQLP>